গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

প্রশাসন-৩ শাখা

**জননিরাপত্তা বিভাগের আওতাধীণ অধিদপ্তর/সংস্থাসমূহের আগষ্ট/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আখতার হোসেন<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ৩০ আগষ্ট, ২০২২ |
| সভার সময় | সকাল ১১:৪৫ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক" |

সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় জননিরাপত্তা বিভাগের সকল অতিরিক্ত সচিব, যুগ্মসচিবসহ বিভিন্ন অধিশাখা/ শাখার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়া অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানের প্রতিনিধিগণ অনলাইন/ ভার্চুয়ালি উপস্থিত থেকে সভায় অংশ নেন। সভাপতি সকল দপ্তর/ সংস্থার কার্যক্রম দ্রুত নিস্পত্তি ও দাপ্তরিক কাজের প্রতি আন্তরিক হবার পরামর্শ প্রদান করেন এবং অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), বলেন, কোভিড পরিস্থিতি বিবেচনায় দীর্ঘদিন দপ্তর/ সংস্থার সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়নি। তবে করোনা পরিস্থিতির উন্নতি হওয়ায়, স্বাস্থ্যবিধি ও সম্প্রতি সরকারের ব্যয় সাশ্রয়ী নির্দেশনার আলোকে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/ সংস্থাপ্রধানদের নিয়ে ভার্চুয়াল/ অনলাইন প্লাটফর্মে সমন্বয় সভার আয়োজন করা হচ্ছে। অতঃপর কার্যপত্রের সিদ্ধান্তসমূহ ক্রমান্বয়ে সভায় উপস্থাপন করা হয়। তিনি আওতাধীন বিভিন্ন দপ্তর/ সংস্থার কার্যক্রম, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি, মন্ত্রীসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি, জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন।

অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) বলেন, APA এর লক্ষ্যমাত্রা অর্জনে এ বিভাগের ৮৫% চিঠিপত্র ই-নথির মাধ্যমে সম্পন্ন করার উদ্যোগ নেয়া হয়েছে। সকল দপ্তর/সংস্থায় ই-নথিতে চিঠিপত্র প্রেরণ করা হচ্ছে। কিন্তু কিছু দপ্তর ই-নথিতে ডাক/পত্র নিস্পত্তি করছে না। জননিরাপত্তা বিভাগ অন্যান্য মন্ত্রণালয় এর চেয়ে পিছিয়ে না পড়ে এজন্য আরও আন্তরিকতার সাথে কাজ করা দরকার। তিনি NIS, GRS, Citizen's Charter ইত্যাদি'র সূচকসমূহ যথাসময়ে পূরণ করার জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) বলেন, দীর্ঘদিন ধরে বেশকিছু আইন, বিধিমালা, নীতিমালা এর কার্যক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার মতামত/ খসড়া চেয়েও তা পাওয়া যায়নি। ফলে সময়মত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং সম্পন্ন করে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা যাচ্ছে না। তিনি প্রস্তাবিত আইন, বিধিমালা, নীতিমালা ইত্যাদির খসড়া/ মতামত দ্রুত এ বিভাগে প্রেরণের জন্য সভায় মত দেন।

সভায় পুলিশ অধিদপ্তরের প্রতিনিধি জানান, দেশের আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং বাংলাদেশ পুলিশের সদস্যরা তা স্বাভাবিক রাখতে সর্বদা সচেষ্ট রয়েছে। দেশের কোথাও কোন জঙ্গি হামলা বা নাশকতার আশঙ্কা নেই। সামনে শারদীয় দুর্গাপূজা, ঈদ-ই-মিলাদুন্নবিসহ বিভিন্ন ধর্মীয় উৎসব যেন সবাই শান্তিপূর্ণভাবে পালন করতে পারে সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনী সতর্ক রয়েছে। দেশের সকল পূজামণ্ডপ এলাকার স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন, ধর্মীয় নেতৃবৃন্দ, ব্যবসায়িসহ বিভিন্ন শ্রেণিপেশার লোকজন নিয়ে সচেতনতামূলক সভা অব্যাহত রয়েছে।

সভায় বিজিবি প্রতিনিধি জানান, অনেক দিন পর আওতাধীন দপ্তর/সংস্থার সাথে জননিরাপত্তা বিভাগের মাসিক সমন্বয় সভাটি অনুষ্ঠিত হচ্ছে। তিনি বলেন, বিজিবি সদস্যরা সীমান্তে চোরাচালান, মানব পাচার, মাদকের অবৈধ প্রবেশ ইত্যাদি রোধে নিয়মিত টহল অব্যাহত রেখেছে। সভাটি স্বল্প সংখ্যক সদস্যদের নিয়ে স্ব-শরীরে করা হলে সকলের মতামত ব্যক্ত করতে সুবিধা হতো মর্মে তিনি সভায় মত প্রকাশ করেন।

বাংলাদেশ কোস্ট গার্ডের প্রতিনিধি জানান যে, নদী/সমুদ্রের তীরবর্তী এলাকা দিয়ে অবৈধ রোহিঙ্গা অনুপ্রবেশ রোধে টেকনাফ অঞ্চলে কোস্ট গার্ড বাহিনীর জাহাজ প্রেরণ করে নিয়মিত টহল কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এতে অবৈধ রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ করা সম্ভব হচ্ছে।

বাংলাদেশ আনসার ও ভিডিপি'র প্রতিনিধি জানান যে, তার দপ্তরের দাপ্তরিক কাজ দ্রুততার সাথে সম্পাদন করা হচ্ছে। এনটিএমসি'র প্রতিনিধি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নে যা যা করা দরকার সবই করা হচ্ছে। এনটিএমসি'র ডাটা স্টোরেজের কার্যক্রম চলমান রয়েছে। কেউ যেন দেশে বা বিদেশে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ না করতে পারে সেজন্য তারা নিয়মিত সোশ্যাল মিডিয়া পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন। তদন্ত সংস্থার প্রতিনিধি জানান যে, সংস্থাটির নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে।

সভায় সিনিয়র সচিব জননিরাপত্তা বিভাগ এ বিভাগের সকল কর্মকর্তাকে নির্ধারিত সময়ে দপ্তর/সংস্থার অনিষ্পন্নকৃত কাজ সম্পন্নসহ সার্বিক কার্যক্রম সমন্বয়ের জন্য গুরুত্বারোপ করেন। তিনি এ বিভাগ ওদপ্তর/ সংস্থার দৈনন্দিন কাজ সঠিকভাবে পরিচালনা, উন্নয়ন প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করা, মন্ত্রিপরিষদ, জনপ্রশাসন, অর্থ মন্ত্রণালয়সহ সরকারের জারিকৃত নির্দেশনা মেনে চলতে সকলকে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্তসমূহঃ**

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | দপ্তর/ সংস্থার সকল কার্যক্রম দ্রুত এবং নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে; | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ০২ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা, মন্ত্রীসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত, জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে পরিসংখ্যান উল্লেখ করে মাসভিত্তিক পরিসংখ্যান matrix আকারে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিমাসের ৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ০৩ | যেসকল আইন/ বিধিমালা/ নীতিমালা ইত্যাদি এর খসড়া/ মতামত পেন্ডিং আছে তা দ্রুত প্রস্তাব আকারে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান উক্ত আইন/ বিধিমালা ভেটিং কার্যক্রম সম্পন্ন করে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের উদ্যোগ গ্রহণ করবেন; | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ০৪ | সকল চিঠিপত্র/ ডাক ইত্যাদির পেন্ডিং তালিকা প্রতিমাসের ৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে এ বিভাগের আইসিটি সেলের সহযোগিতা গ্রহণ করতে হবে। বিষয়টি অনুবিভাগ প্রধানগণ তদারকি করবেন; | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ |
| ০৫ | জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা ই-নথির ক্ষেত্রে APA এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ৮৫% চিঠি-পত্র/ডাক ই-ফাইলে নিস্পত্তি করবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান |
| ০৬ | NIS, GRS, Citizen's Charter ইত্যাদি'র সূচকসমূহ যথাসময়ে পূরণ করতে হবে। আবশ্যিক প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে হবে।এ বিষয়ে '২০২২ - ২০২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/ হ্রাসকরণ' সংক্রান্ত অর্থ বিভাগের জারীকৃত ৩.৭.২০২২ তারিখের পরিপত্র অনুসরণ করতে হবে; | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ |
| ০৭ | অডিট আপত্তি দ্রুত নিস্পত্তি করে এ বিভাগে রিপোর্ট দাখিল করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা প্রধান |
| ০৮ | জননিরাপত্তা বিভাগ ও এর দপ্তর/ সংস্থার উন্নয়ন প্রকল্পসমূহের কাজ তদারকিসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পসমূহের কাজ সমাপ্ত করতে হবে; | সকল দপ্তর/সংস্থা প্রধান, উন্নয়ন অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ০৯ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মেনে সকল দপ্তর/ সংস্থার website হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করতে হবে। | সকল দপ্তর/ সংস্থা প্রধান |

সভাপতি সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে জননিরাপত্তা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আখতার হোসেন
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.১৪৭

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।
২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব, আনসার অধিশাখা, জননিরাপত্তা বিভাগ
৪) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, জননিরাপত্তা বিভাগ ( মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
৮) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৯) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ

আশাফুর রহমান
উপসচিব